গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, বাংলাদেশ ডাক বিভাগ

এবং

সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়-এর মধ্যে

স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২০ - জুন ৩০, ২০২১

## সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৪

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ১৫

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

ডাক সেবাকে ডিজিটাল পদ্ধতিতে রুপান্তরের মাধ্যমে বিশ্বমানের গ্রাহকবান্ধব ডাক সেবা প্রবর্তনের জন্য ডাক বিভাগ কাজ করছে। ডাক অধিদপ্তর ডাক পরিবহনের জন্য নিজস্ব পরিবহন ব্যবস্থায় ১১৮টি ডাক পরিবহন গাড়ী সংগ্রহ করেছে। ডাক অধিদপ্তরের জন্য আগারগাঁও এ নিজস্ব সদর দপ্তরের দৃষ্টিনন্দন ভবন স্থাপন করা হয়েছে। ১৪টি আধুনিক মেইল প্রসেসিং ও লজিস্টিক সার্ভিস সেন্টার নির্মাণ কাজ শেষ পর্যায়ে রয়েছে। কর্মচারিদের জন্য মতিঝিলে ০৮ টি অত্যাধুনিক ভবন নির্মাণের কাজ শেষ পর্যায়ে রয়েছে। জেলা পর্যায়ের জিপিও ও প্রধান ডাকঘর ভবন সমূহ আধুনিক স্থাপত্য নকশায় নির্মাণের কাজ চলমান রয়েছে। ডাকঘর সঞ্চয় ব্যাংকের কাজ স্বয়ংক্রিয় করা হয়েছে। ই-কমার্স প্রবর্তন করা হয়েছে। ডিজিটাল ফিন্যান্সিয়াল সার্ভিস 'নগদ' প্রবর্তন করা হয়েছে। করোনাকালীন কৃষকের ন্যায্যমূল্য নিশ্চিত করার লক্ষ্যে কৃষিপন্য বিনা মাশুলে সরাসরি কৃষকের নিকট হতে গন্তব্যে পৌছে দিচ্ছে "কৃষক বন্ধু ডাক সেবা"। কোভিড-১৯ এর পরিপ্রেক্ষিতে জনগনকে জরুরী ডাকসেবা পৌছে দেয়ার লক্ষ্যে ভ্রাম্যমান ডাকঘর (মোবাইল ভ্যানে ডাকসেবা প্রদান) কার্যক্রম গতিশীল করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

ডাক বিভাগে কর্মরত বিপুল জনশক্তিকে ডিজিটাল প্রযুক্তির উপযোগি করে জনশক্তিতে রুপান্তর। প্রযুক্তি নিয়ত পরিবর্তনশীল বিধায় নতুন প্রযুক্তি দ্রুতগ্রহণ ও ডাক সেবার যথাসময়ে এর প্রয়োগ নিশ্চিতকরণ। ডাক সেবাসমূহ প্রান্তিক মানুষের কাছে পরিচিত করণের জন্য সার্বক্ষণিক বিপণন কৌশল গ্রহণ এবং নিবিড় তদারকির মাধ্যমে গুনগত ও পরিমাণগত ডাক সেবার মান উন্নয়ন। বিশ্বমানের সহজবোধ্য এড্রেস সিস্টেম এবং পোস্ট কোড এর প্রবর্তন করা। উপজেলা পর্যায় পর্যন্ত ই-কমার্স হাব নির্মাণ। ডাক সেবার ক্ষেত্রে রোবটিক্স, আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স (এআই) প্রযুক্তির প্রবর্তন। আইসিটি ভিত্তিক নিবিড় প্রশিক্ষণ ও তদারকি প্রয়োজন; অথচ প্রয়োজনীয় মানবসম্পদ ও আইসিটি জ্ঞানসম্পন্ন দক্ষ জনবলের স্বল্পতা বিদ্যমান।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

পোস্ট ব্যাংক প্রতিষ্ঠা। গ্রামাঞ্চলে এজেন্ট ব্যাংকিং সার্ভিস প্রবর্তন । ইন্টারন্যাশনাল রেমিন্টেস সার্ভিসের প্রবর্তন । রোবটিকস প্রযুক্তি নির্ভর মেইল প্রসেসিং ও ই-কমার্স হাব নির্মাণ। আইসিটি ভিত্তিক প্রশিক্ষণের মাধ্যমে বেকারদের কর্মসংস্থান সৃষ্টি। বিদ্যালয়গামী ছাত্রীদের জন্য শিক্ষা বিমা "সুকন্যা"; বিভিন্ন ক্ষুদ্র বিমা, যথা ছাত্র-ছাত্রীদের জন্য শিক্ষা সুরক্ষা বিমা, প্রতিবন্ধীদের জন্য বিমা, পোশাক শ্রমিকদের জন্য গোষ্ঠী বিমা, প্রান্তিক চাষীদের জন্য শস্য বিমা, ক্ষুদ্র ব্যবসায়ী, প্রান্তিক জনগোষ্ঠী ও স্বল্প আয়ের শ্রমজীবিদের জন্য ক্ষুদ্র বিমা, চিকিৎসা বিমা, গর্ভবতী মায়ের জন্য প্রসূতি কল্যাণ সঞ্চয় স্কিম প্রবর্তন। মেইল পরিবহনের জন্য মেইল গাড়ি ও ফ্রোজেন ভ্যান আহরণ। ডাকঘর প্রান্তে ট্র্যাক ও ট্রেস এবং জিএমএস ব্যবস্থার বাস্তবায়ন। সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীদের জন্য আইসিটি প্রশিক্ষণের আয়োজন।

**২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- আদান প্রদানকৃত ডাক দ্রব্যের লক্ষ্যমাত্রা ১০০০ লক্ষ।
- জরাজীর্ণ ডাকঘর নির্মান/সংস্কার/মেরামত লক্ষ্যমাত্রা ১০০ টি।
- 'নগদ' সেবার গ্রাহক নিবন্ধন ৩,৮০,০০,০০০ এ উন্নীতকরণ।
- ২০২০-২১ অর্থবছরে পোস্টাল ক্যাশ কার্ড বিক্রয় লক্ষ্যমাত্রা ২.২৫ লক্ষ।
- ২০২০-২১ অর্থবছরে ইএমটিএস সেবা সম্প্রসারণ লক্ষ্যমাত্রা ২.০ লক্ষ।
- ২০২০-২১ অর্থবছরে পোস্টাল এজেন্ট ব্যাংকিং লক্ষ্যমাত্রা ৫০০.০০ টি।
- ২০২০-২১ অর্থবছরে মুজিব বর্ষের স্মারক ডাক টিকেট উন্মোচন লক্ষ্যমাত্রা ৫০ টি।
- কোভিড-১৯ এর পরিপ্রেক্ষিতে জনগনকে জরুরী ডাকসেবা পৌছে দেয়ার লক্ষ্যে ভ্রাম্যমান ডাকঘর সেবা (মোবাইল ভ্যানে ডাকসেবা প্রদান) অব্যাহত রাখা।
- করোনাকালীন কৃষিপন্য বিনা মাশুলে সরাসরি কৃষকের নিকট হতে গন্তব্যে পৌছে দিচ্ছে "কৃষক বন্ধু ডাক সেবা"যা অব্যাহত রাখা।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, বাংলাদেশ ডাক বিভাগ

এবং

সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়-এর মধ্যে ২০২০ সালের ............ মাসের ........ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

সাশ্রয়ী, সর্বজনীন এবং নির্ভরযোগ্য ডাক সেবা।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

প্রাতিষ্ঠানিক উন্নয়ন ও আধুনিক প্রযুক্তি অভিযোজনের মাধ্যমে সাশ্রয়ী, মানসম্পন্ন ও আন্তর্জাতিক মানের ডাক সেবা নিশ্চিতকরণ।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. ডাক সেবার আধুনিকায়ন, আইসিটিভিত্তিক ডাক সেবার সম্প্রসারণ

২. সেবা বহুমুখীকরণ

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ

২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি

৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions)

১. ডাক সেবা প্রদান

২. ডাকঘরের মাধ্যমে সঞ্চয় সেবা প্রদান

৩. ডাকঘরের মাধ্যমে ডাক জীবন বিমা সেবা প্রদান

৪. বিভিন্ন দেশ, ডাক প্রশাসন, আন্তর্জাতিক সংস্থা/সংগঠনের সাথে ডাক সংক্রান্ত বিষয়ে লিয়াজোঁ, চুক্তি সম্পাদন ও প্রটোকল রক্ষা

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২১-২০২২ | ২০২২-২০২৩ | | |
| রাজস্ব আয় বৃদ্ধি | রাজস্ব আয় | টাকা (কোটি) | ৪০০ | ৪৫০ | ৪৯৫ | ৫৫০ | ৬০০ | | ডাক অধিদপ্তরের প্রতিবেদন/ওয়েবসাইট/বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| [১] ডাক সেবার আধুনিকায়ন, আইসিটিভিত্তিক ডাক সেবার সম্প্রসারণ | ৬০ | [১.১] ডাক সেবার পরিধি সম্প্রসারণ | [১.১.১] আদান প্রদানকৃত ডাক দ্রব্য | সমষ্টি | সংখ্যা | ২০ | | ১০০০ | ১০১০ | ১০০৫ | ১০০০ | ৯৯৫ | ৯৯০ | ১০২০ | ১০৩০ |
| | | | [১.১.২] জরাজীর্ণ ডাকঘর নির্মান/ সংস্কার/ মেরামত পূর্বক আধুনিক সুবিধা সংযোজন | সমষ্টি | সংখ্যা | ১০ | | ৩৮ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১১০ | ১২০ |
| | | [১.২] ডিজিটাল সেবার সম্প্রসারণ | [১.২.১] 'নগদ' সেবার নিবন্ধিত গ্রাহক | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা (কোটি) | ১০ | | ৩.৫ | ৩.৮ | ৩.৭০ | ৩.৬০ | ৩.৫০ | ৩.৪০ | ৪.০০ | ৪.৫০ |
| | | | [১.২.২] পোস্টাল এজেন্ট ব্যাংকিং সেবার সম্প্রসারণ | সমষ্টি | সংখ্যা | ১০ | | ০ | ৫০০ | ৪৮০ | ৪৬০ | ৪৪০ | ৪২০ | ৫২০ | ৫৪০ |
| | | | [১.২.৩] ইএমটিএস সেবার সম্প্রসারণ | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ৫ | | ০ | ২.০ | ১.৯০ | ১.৮০ | ১.৫০ | ১.২০ | ২.১৫ | ২.২৫ |
| | | | [১.২.৪] পোস্টাল ক্যাশ কার্ড সেবার সম্প্রসারণ | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ৫ | | ২.২ | ২.২৫ | ২.২৪ | ২.৩০ | ২.২০ | ২.১০ | ২.৩০ | ২.৪০ |
| [২] সেবা বহুমুখীকরণ | ১৫ | [২.১] মুজিব বর্ষের কর্মসূচী বাস্তবায়ন | [২.১.১] মুজিব বর্ষের স্মারক ডাকটিকেট উন্মোচন | সমষ্টি | সংখ্যা | ১৫ | ০ | ০ | ৫০ | ৪৮ | ৪৫ | ৪২ | ৪০ | ০ | ০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১০ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | | | | | | |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১২ | ১১ | | | | | |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৯ | [২.১] ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিস্পত্তিকৃত | সমষ্টি | % | ২ | | | ৮০ | ৭০ | ৬০ | | | | |
| | | [২.২] ডিজিটাল সেবা চালুকরণ | [২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | তারিখ | ২ | | | ১৫.০২.২১ | ১৫.০৩.২১ | ১৫.০৪.২১ | ১৫.০৫.২১ | | | |
| | | [২.৩] সেবা সহজিকরণ | [২.৩.১] একটি সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | তারিখ | ২ | | | ২৫.০২.২১ | ২৫.০৩.২১ | ২৫.০৪.২১ | ২৫.০৫.২১ | | | |
| | | [২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৪.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৫০ | ৪০ | ৩০ | ২০ | | | |
| | | | [২.৪.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৫ | ৪ | | | | | |
| | | [২.৫] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৫.১] ন্যূনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১ | | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | সমষ্টি | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরিত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | | | |
| | | [৩.৪] স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুত ও হালনাগাদকরণ | [৩.৪.১] স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুতকৃত এবং হালনাগাদকৃত | তারিখ | তারিখ | ১ | | | ১৫.১২.২০ | ১৪.০১.২১ | ১৫.০২.২১ | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, মহাপরিচালক, বাংলাদেশ ডাক বিভাগ, সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় হিসাবে মহাপরিচালক, বাংলাদেশ ডাক বিভাগ-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

.............................................................................

মহাপরিচালক
বাংলাদেশ ডাক বিভাগ

.............................................................................

তারিখ

.............................................................................

সচিব
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক,
টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়

.............................................................................

তারিখ

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | ই-কমার্স | ইলেকট্রনিক কমার্স |
| ২ | এ আই | আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স |
| ৩ | পিসিসি | পোস্টাল ক্যাশ কার্ড |
| ৪ | ইএমটিএস | ইলেকট্রনিক মানি ট্রান্সফার সার্ভিস |
| ৫ | জিএমএস | গ্লোবাল মনিটরিং সিস্টেম |
| ৬ | পিওএস | পয়েন্ট অব সেল |
| ৭ | আইসিটি | ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি |
| ৮ | জিপিও | জেনারেল পোস্ট অফিস |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকের বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] ডাক সেবার পরিধি সম্প্রসারণ | [১.১.১] আদান প্রদানকৃত ডাক দ্রব্য | ডাকদ্রব্য, অর্থ, চিঠি, পোস্ট কার্ড, সংবাদপত্র, বই, নমুনা প্যাকেট, পার্সেল, জিইপি, ইএমএস, স্পিডপোস্ট, ফিলাটেলি আইটেম প্রভৃতি যা ডাক মারফত পরিবাহিত হয়ে থাকে। গ্রহণ, প্রেরণ ও বিতরণ মানের নির্দেশক হিসেবে বিবেচিত হয়। | ডাক অধিদপ্তর। | সরেজমিন হিসাব রাখা হয়। ডাক অধিদপ্তরের প্রতিবেদন/ বার্ষিক প্রতিবেদন/ ওয়েবসাইট। | |
| | [১.১.২] জরাজীর্ণ ডাকঘর নির্মান/ সংস্কার/ মেরামত পূর্বক আধুনিক সুবিধা সংযোজন | জরাজীর্ণ ডাকঘর নির্মান/ সংস্কার/ মেরামত পূর্বক আধুনিক সুবিধা সংযোজনের মাধ্যমে বাণিজ্যিক ডাক সেবা যথা পার্সেল ও লজিস্টিক এর ক্ষেত্রে উন্নততর সেবা নিশ্চিত হবে। জরাজীর্ণ ডাকঘর নির্মান/ সংস্কার/ মেরামত মানের নির্দেশক হিসাবে বিবেচিত হয়। | ডাক অধিদপ্তর। | সংশ্লিষ্ট প্রকল্প/ শাখা হতে তথ্য সংগ্রহ করা হয়। | |
| [১.২] ডিজিটাল সেবার সম্প্রসারণ | [১.২.১] 'নগদ' সেবার নিবন্ধিত গ্রাহক | ডাক অধিদপ্তরের ডিজিটাল ফিনান্সিয়াল সার্ভিস 'নগদ' ব্যাংকিং সুবিধাবঞ্চিত দেশের প্রান্তিক জনগোষ্ঠীকে আর্থিক খাতে সেবাভুক্তিতে কার্যকর ভূমিকা পালন করতে পারবে। ফলে গ্রামীণ জনগণ সহজেই ও সাশ্রয়ী মূল্যে তাদের হাতের নাগালেই ডিজিটাল ফিনান্সিয়াল সেবার সুফল ভোগ করতে পারবে। নিবন্ধিত গ্রাহক সংখ্যা মানের নির্দেশক হিসাবে ব্যহৃত হয়। | ডাক অধিদপ্তর। | সরেজমিন হিসাব রাখা হয়। ডাক অধিদপ্তরের প্রতিবেদন/ বার্ষিক প্রতিবেদন/ ওয়েবসাইট। | |
| | [১.২.২] পোস্টাল এজেন্ট ব্যাংকিং সেবার সম্প্রসারণ | পোস্টাল সেবার সাথে এজেন্ট ব্যাংকিং সংযুক্ত করণের মাধ্যমে দ্রুত ও নিরাপদে গ্রামীন জনগোষ্ঠীর নিকট উন্নততর ডাক সেবা সরবরাহ করা সম্ভব হবে। | ডাক অধিদপ্তর। | সার্ভার হতে তথ্য সংগ্রহ করা হয়। | |
| | [১.২.৩] ইএমটিএস সেবার সম্প্রসারণ | ডাক অধিদপ্তরের মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস 'ইএমটিএস' এর মাধ্যমে ডাকঘর সমূহের মধ্যে মানি অর্ডার করা যায়। যা সনাতনী মানি অর্ডার সার্ভিসের বিকল্প হিসাবে দ্রুত ও নিরাপদে সেবা প্রদান নিশ্চিত করে। অর্থের প্রবাহ একমুখী হতে বহুমুখী বা বহুমুখী হতে একমুখী নিশ্চিত করনের মাধ্যমে বিভিন্ন পরীক্ষার ফি সহ অন্যান্য বানিজ্যিক সেবা প্রদান করা যায়। ইএমটিএস এর সংখ্যা মানের নির্দেশক হিসাবে ব্যবহৃত হয়। | ডাক অধিদপ্তর। | সার্ভার হতে তথ্য সংগ্রহ করা হয়। | |
| [১.২] ডিজিটাল সেবার সম্প্রসারণ | [১.২.৪] পোস্টাল ক্যাশ কার্ড সেবার সম্প্রসারণ | ডাক অধিদপ্তরের ফিনান্সিয়াল সার্ভিস 'পোস্টাল ক্যাশ কার্ড'। পিসিও এবং পিওএস এর মাধ্যমে সংযোগ ঘটিয়ে অনলাইনে দ্রব্যাদি ক্রয় করা যায়। এছাড়াও পোস্টাল ক্যাশ কার্ড বিভিন্ন সামাজিক নিরাপত্তা প্রকল্পের সাথে সম্পর্কযুক্ত সুবিধাভোগীদের ভাতা প্রদানের মাধ্যম হিসাবে ব্যবহৃত হচ্ছে। অর্থের প্রবাহ একমুখী হতে বহুমুখী বা বহুমুখী হতে একমুখী নিশ্চিত করণের মাধ্যমে বিভিন্ন পরীক্ষার ফি সহ অন্যান্য বানিজ্যিক সেবা প্রদান করা যায়। মাইক্রোচিপযুক্ত দৃষ্টিনন্দন এই কার্ডটি ভার্চুয়াল ওয়ালেট হিসাবে ব্যবহৃত হচ্ছে। | ডাক অধিদপ্তর। | সংশ্লিষ্ট নথি হতে তথ্য সংগ্রহ করা হয়। | |
| [২.১] মুজিব বর্ষের কর্মসূচী বাস্তবায়ন | [২.১.১] মুজিব বর্ষের স্মারক ডাকটিকেট উন্মোচন | জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে বঙ্গবন্ধুর জীবন ও সংগ্রামের উপর ৫০ টি স্মারক ডাকটিকেট প্রকাশ। | ডাক অধিদপ্তর। | সংশ্লিষ্ট নথি হতে হিসাব গ্রহণ করা হয়। ডাক অধিদপ্তরের প্রতিবেদন/ বার্ষিক প্রতিবেদন/ ওয়েবসাইট | |

## সংযোজনী ৩: অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের কার্যালয় এর নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|